



সুন্দরবন গ্যাস
কোম্পানী লিমিটেড

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
জেনারেল সার্ভিস সেকশন
sgcl.org.bd

নম্বর ২৮.২১.০০০০.১২৫.০৬.০০২.২১.২৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯

২৫ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে পেট্রোবাংলা ও সরকারি নির্দেশনা মোতাবেক সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এ বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

- ক) কোম্পানির প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দকৃত গাড়ি এবং মোটর সাইকেল বরাদ্দপ্রাপ্ত কর্মকর্তাগণের বরাদ্দকৃত জ্বালানির সর্বোচ্চ ৮০% ব্যবহার করতে পারবেন;
 - খ) কোম্পানির ট্রান্সপোর্ট পুলের যানবাহনসমূহ অত্যাৱশ্যকীয় দাপ্তরিক/অপারেশনাল কাজ ব্যতীত ব্যবহার করা যাবে না এবং জ্বালানির ব্যবহার কমপক্ষে ২০% কমাতে হবে;
 - গ) কোম্পানির ঢাকা লিয়াজোঁ অফিসের গাড়ি শুধুমাত্র অফিস লিফটিং এবং অত্যাৱশ্যকীয় দাপ্তরিক/অপারেশনাল কাজ ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না;
 - ঘ) ছুটির দিন ব্যতীত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে শুধুমাত্র লোডশেডিং-এর সময় জেনারেটর চালু করা যাবে;
 - ঙ) কোম্পানির প্রধান কার্যালয়ের লিফট সকাল ১১.০০-১২.৩০ ঘটিকা এবং দুপুর ০৩.০০-০৪.৩০ ঘটিকা পর্যন্ত বন্ধ থাকবে;
 - চ) কর্মকর্তাগণ কক্ষে অবস্থানকালীন সময়ে দিনের আলোর সদ্যবহার করবেন এবং প্রতিবার কক্ষ ত্যাগের পূর্বে লাইট, ফ্যান এবং এসি বন্ধ করা নিশ্চিত করবেন;
 - ছ) কোম্পানির প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দকৃত এসিসমূহ দিনে ০২(দুই) ঘন্টা বন্ধ রাখতে হবে এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪ডিগ্রী সেন্টিগ্রেডে সীমিত রাখতে হবে।
- ২। বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালন/বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২৫-৭-২০২২

মোঃ নাজমুল হাসান

মহাব্যবস্থাপক

ফোন: ০৪১৭২১২৯৯

ফ্যাক্স: ০৪১৭২১২৯৮

ইমেইল: gadmin@sgcl.org.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) এসজিসিএল- সকল কর্মকর্তাবৃন্দ